

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৮ ১/ বিবিধ

আরবী

حسان حجاز بين المؤمنين والمنافقين، لا يحبه منافق، ولا يبغضه مؤمن ضعيف

رواه ابن عساكر في " تاريخ دمشق " (4/185/1) عن محمد بن عمر الواقدي: حدثني سعيد بن أبي زيد الأنصاري قال: وحدثني من سمع أبا عبيدة بن عبد الله بن زمعة الأسدي يخبر أنه سمع حمزة بن عبد الله بن عمر أنه سمع عائشة تقول: فذكره مرفوعا

قلت: الواقدي كذاب، لكن رواه العقيلي في " الضعفاء " (3/149) وابن عساكر من طريق آخر عن أبي ثمامة عن عمر بن إسماعيل عن هشام بن عروة عن أبيه عنها نحوه

وعمر هذا؛ قال الذهبي: لا يدرى من هو أصلا ثم ذكر له هذا الحديث وقال العقيلي: " الحديث غير محفوظ، ولا يعرف من هذا الوجه، وكلاهما هو والراوي عنه مجهول

বাংলা

১২০৮। হাস্সান মুমিন এবং মুনাফিকদের মাঝে ব্যবধান তৈরিকারী। তাকে কোন মুনাফিক ভালবাসে না আর কোন মু'মিন তাকে অপছন্দ করে না।

হাদীসটি দুর্বল।



হাদীসটি ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (৪/১৮৫/১) মুহাম্মাদ ইবনু উমার ওয়াকেদী হতে, তিনি সাঈদ ইবনু আবী যায়েদ আনসারী হতে, তিনি সেই ব্যক্তি থেকে বর্ণনা করেছেন যে, আবু ওবাইদাহ ইবনু আবদিল্লাহ ইবনে যাম'য়াহ আসাদী হতে শুনেছেন, তিনি হামযাহ ইবনে আবদিল্লাহ ইবনে উমার হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ওয়াকেদী মিথ্যুক। কিন্তু ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৩/১৪৯) ও ইবনু আসাকির অন্য সূত্রে আবৃ সুমামাহ হতে, তিনি উমার ইবনু ইসমাঈল হতে, তিনি হিশাম ইবনু উরওয়া হতে, তিনি তার পিতার সূত্রে আয়েশা (রাঃ) হতে বর্ণনা করেছেন।

এ উমার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ আসলে তিনি কে জানা যায় না। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ ওকায়লী বলেনঃ হাদীসটি নিরাপদ নয়। এ সূত্র ব্যতীত অন্য কোন সূত্রে এটিকে জানা যায় না। তিনি (উমার ইবনু ইসমাঈল) এবং তার থেকে বর্ণনাকারী (আবু সুমামাহ) তারা উভয়ে মাজহুল (অপরিচিত)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন